# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৭৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো মহান আল্লাহ তাকে যে মেহেরবানী করে হেদায়েত দান করেছেন, সেজন্য আল্লাহর প্রশংসা করার উপর ক্ষ্যান্ত থাকবে আর যাকে হেদায়েত ও সঠিক পথ থেকে বঞ্চিত করা হয়েছে, তার জন্য হেদায়েত চাওয়ার ক্ষেত্রে অতিমাত্রায় প্রার্থনা করা বর্জন করবে

ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الِاقْتِصَارِ عَلَى حَمْدِ اللَّهِ جَلَّ وَعَلَا بِمَا مَنَّ عَلَيْهِ مِنَ الْهِدَايَةِ وَتَرْكِ التَّكَلُّفِ فِي سُؤَالِ تِلْكَ الْحَالَةِ لِمَنْ خُذِلَ وحُرِمَ التَّوْفِيقَ وَالرَّشَادَ

---

আরবী

978 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ عَنْ أَبِيهِ قَالَ:
لَمَّا حَضَرَ أَبَا طَالِبٍ الْوَفَاةُ جَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَجَدَ عِنْدَهُ أَبَا جَهْلٍ وَعَبْدَ اللَّهِ بْنَ أَبِي أُمَيَّةَ بْنِ الْمُغِيرَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَا عَمِّ قُلْ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهَدْ لَكَ بِهَا عِنْدَ اللَّهِ) قَالَ أَبُو جَهْلٍ وَعَبْدُ اللَّهِ بْنُ أَبِي أُمَيَّةَ: يَا أَبَا طَالِبٍ أَتَرْغَبُ عَنْ مِلَّةِ عَبْدِ الْمُطَّلِبِ؟ قَالَ: فَلَمْ يَزَلِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْرِضُهَا عَلَيْهِ وَيُعِيدُ لَهُ تِلْكَ الْمَقَالَةَ حَتَّى قَالَ أَبُو طَالِبٍ آخِرَ مَا كَلَّمَهُمْ هُوَ عَلَى مِلَّةِ عَبْدِ الْمُطَّلِبِ وَأَبَى أَنْ يَقُولَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لأستغفرنَّ لَكَ مَا لَمْ أُنْهَ عَنْكَ) فَأَنْزَلَ اللَّهُ {مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ} [التوبة: 113] وأُنْزِلَتْ فِي أَبِي طَالِبٍ: {إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ ولكنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ وَهُوَ أعلم بالمهتدين} [القصص: 56].

الراوي : الْمُسَيَّب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 978 | خلاصة حكم المحدث:. صحيح.

## বাংলা

৯৭৮. সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.) তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, “যখন আবূ তালেবের মৃত্যুর সময় ঘনিয়ে আসে, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার কাছে আসেন এবং সেখানে তিনি আবূ জাহল, আব্দুল্লাহ বিন আবূ উমাইয়্যাহ বিন মুগীরাকে দেখতে পান। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে আমার চাচা, আপনি বলুন, لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই।), তবে আমি এর মাধ্যমে আল্লাহর কাছে আপনার জন্য সাক্ষ্য দিবো।” তখন আবূ জাহল আব্দুল্লাহ বিন উমাইয়্যাহ বলে, “হে আবূ তালেব, আপনি কি আব্দুল মুত্তালিবের ধর্ম থেকে মুখ ফিরিয়ে নিবেন?” রাবী বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বারবার তার কাছে কালেমার বাক্য পেশ করতেই থাকেন, অবশেষে আবূ তালিব সর্বশেষ তাদেরকে যে কথা বলেন, সেটা হলো, সে আব্দুল মুত্তালিবের ধর্মের উপর আছে এবং সে لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই।) বলতে অস্বীকৃতি জানায়। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “অবশ্যই আমি আপনার জন্য ক্ষমা প্রার্থনা করতে থাকবো, যতক্ষন না আমাকে নিষেধ করা হয়। তখন এই আয়াত নাযিল হলো, مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْجَحِيمِ (নাবী এবং যারা ঈমান আনয়ন করেছে, তাদের জন্য এটা সঙ্গত নয় যে, তারা মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করবে, যদিও তারা তাদের নিকটাত্মীয় হয়, এটা স্পষ্ট হওয়ার পর যে, তারা জাহান্নামের অধিবাসী।) (সূরা আত তাওবাহ: ১১৩।) আর আবূ তালিবের ব্যাপার নাযিল হয়, إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ ولكنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ وَهُوَ أعلم بالمهتدين (নিশ্চয়ই আপনি যাকে ভালবাসেন, তাকে হেদায়েত করতে পারবেন না, কিন্তু আল্লাহ যাকে ইচ্ছা করেন, তাকে পথ প্রদর্শন করেন। আর তিনি হেদায়েতপ্রাপ্তদের ব্যাপারে সমধিক অবগত।) (সূরা আল কাসাস: ৫৬।)”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৪; মুসনাদ আহমাদ: ৫/৪৩৩; সহীহ বুখারী: ১৩৬০; নাসাঈ: ৪/৯; আত তাবারী: ১১/৪২; ওয়াহেদী, আসবাবুন নুযূল: ১৮৭ পৃষ্ঠা।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১২৭৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89483

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন